কালের কণ্ঠ

তারিখ : 10 NOV 2017
পৃষ্ঠা ১৮ কলাম ২

### মর্গ্যান গার্লস স্কুল অ্যান্ড কলেজ

# শিক্ষার্থীদের আন্দোলন প্রত্যাহার

নারায়ণগঞ্জ প্রতিনিধি ▷

অবশেষে আন্দোলন প্রত্যাহার করে নিয়েছে নারায়ণগঞ্জ শহরের দেওভোগ এলাকার মর্গ্যান গার্লস স্কুল অ্যান্ড কলেজের টেস্ট পরীক্ষায় অনুত্তীর্ণ শিক্ষার্থীরা। জেলা প্রশাসক রাব্বী মিয়া তাদের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়ার আশ্বাস দিলে তারা তাদের আন্দোলন প্রত্যাহার করে নেয়।

জেলা প্রশাসক রাব্বী মিয়া বলেন, 'শিক্ষার্থীদের ভবিষ্যৎ চিন্তা করে তাদের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হয়েছে। তবে যারা দুই বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা ফরম পূরণ করতে পারবে। কিন্তু যারা তিন থেকে ছয় বিষয় পর্যন্ত অকৃতকার্য হয়েছে তাদের ওই বিষয়গুলোতে আগামী ১৬ ও ১৭ নভেম্বর স্পেশাল পরীক্ষা দিতে হবে। অর্থাৎ যারা তিন বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা একটি বিষয়ে পরীক্ষা দিবে। আর যারা চারটি বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা দুটি বিষয়ে পরীক্ষা দিবে।' তিনি আরো বলেন, 'তাদের মধ্যে যারা এসএসসি পরীক্ষায় ভালো ফল করবে তাদের ক্রেস্টসহ জেলা প্রশাসকের বাসভবনে রাতের খাবারেরও ব্যবস্থা করা হবে।'

এর আগে বৃহস্পতিবার সকাল সাড়ে ১১টায় জেলা প্রশাসনের সার্কিট হাউসের সম্মেলন কক্ষে শিক্ষার্থী, অভিভাবক, পুলিশ প্রশাসন ও শিক্ষা কর্মকর্তাদের সঙ্গে জেলা প্রশাসনের যৌথ সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। এ সময় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জসিম উদ্দিন হায়দার, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ আবদুল হামিদ মিয়া, অতিরিক্ত পুলিশ সুপার (ক অঞ্চল) মো. শরফুদ্দিন, জেলা শিক্ষা কর্মকর্তা মো. শরিফুল ইসলাম, নারায়ণগঞ্জ মর্গ্যান গার্লস স্কুল অ্যান্ড কলেজের ম্যানেজিং কমিটির সদস্য আহসান হাবিব, মোশারফ হোসেন জনি প্রমুখ উপস্থিত ছিলেন।